

রাজ্যে আরও বিনিয়োগ করতে আগ্রহী হিতাচি



বুধবার কলকাতায় টাটা হিতাচির নতুন এক্সাভেটরের উদ্বোধনে হিতাচির প্রেসিডেন্ট টিসুজিমোতো (ডানদিকে), সংস্থার এমডি রণবীর সিনহা (বাঁদিকে) এবং সংস্থার অন্যান্য কর্তারা। নিজস্ব ছবি

নিজস্ব প্রতিবেদন। রাজ্যে আরও বেশি করে বিনিয়োগ করতে চায় হিতাচি। খড়গপুরে টাটার সঙ্গে যৌথ উদ্যোগে প্রায় ১০০০ কোটি টাকা বিনিয়োগে কারখানা গড়ে তুলেছে এই জাপানি সংস্থা। কিন্তু বাজার ইতিবাচক বুঝলে সংস্থা আরও বিনিয়োগ করতে পারে বলে জানান হিতাচি গোষ্ঠীর প্রেসিডেন্ট এবং সিইও উইচি টিসুজিমোতো। তিনি জানান, এই রাজ্যে তাঁরা বিনিয়োগ করতে আগ্রহী বলে বিগত পাঁচ বছরে তাঁদের বিনিয়োগের পরিমাণ প্রায় ৫৫০ কোটি টাকা। তবে এখনই আর কোনওরকম বিনিয়োগ করার কথা ভাবনাচিন্তা সংস্থার নেই। বুধবার

শহরে টাটা হিতাচির পক্ষে খনন এবং পরিকাঠামো ক্ষেত্রে ব্যবহৃত রেক নতুন এক্সাভেটরের উদ্বোধন করা হয়। ৪৫ টন অবধি ক্ষমতাসম্পন্ন এই যন্ত্র খড়গপুরের কারখানায় বানানো হয়েছে বলে জানান কারখানার এমডি রণবীর সিনহা। পাশাপাশি তিনি জানান, আরও বেশি ক্ষমতাসম্পন্ন এইরকম যন্ত্র খড়গপুরের কারখানায় তৈরি করছে সংস্থা। প্রসঙ্গত এই ধরনের খনিজ, পরিকাঠামো তৈরির যন্ত্রপাতি তৈরিতে দেশে টাটা হিতাচি ৩৮ শতাংশ অংশীদারিত্ব নিয়ে প্রথম স্থানে রয়েছে। আর ভবিষ্যতেও এই স্থান ধরে রাখতে সংস্থা বদ্ধপরিকর।